ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬৪৩
সোনামুড়া, ৩০ আগস্ট, ২০২৫

**নীরমহলে জাতীয় ক্রীড়া দিবস উদযাপিত**

সিপাহীজলা জেলা যুববিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে গতকাল নীরমহলে এক অনুষ্ঠানের মধ্যদিয়ে সিপাহীজলা জেলাভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়। ভারতীয় হকির কিংবদন্তি মেজর ধ্যানচাঁদের জন্ম দিবসকে কেন্দ্র করে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানে আলোচনায় অংশ নিয়ে তিনি হকির কিংবদন্তি মেজর ধ্যানচাঁদের জীবনী সম্পর্কে আলোচনা করেন। তিনি যুব সমাজকে বিভিন্ন নেশা থেকে মুক্ত হয়ে সুষ্ঠু সমাজ ও সুষ্ঠু রাষ্ট্র গড়ে তোলার কাজে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে এছাড়াও আলোচনা করেন বিশিষ্ট সমাজসেবী উত্তম দাস। স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উপ-অধিকর্তা সমীর দেববর্মা। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ, সিপাহীজলা জিলা পরিষদের শিক্ষা ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সীমা ভৌমিক, মেলাঘর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন গুরুপদ রায়, বিশিষ্ট সমাজসেবী বিপ্লব চক্রবর্তী, রুদ্রসাগর উদ্বাস্তু মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি পবিত্র দাস, সিপাহীজলা জিলা পরিষদের অন্যান্য সদস্যগণ। উপস্থিত সকল অতিথিগণ অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ হকির কিংবদন্তি মেজর ধ্যানচাঁদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্জন করে শ্রদ্ধাজ্ঞাপন করে। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ যোগ-ব্যায়াম প্রদর্শণ করে।

*****